# চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

## চট্টগ্রাম সেনানিবাস

## বিজ্ঞপ্তি

সম্মানিত অভিভাবকবৃন্দ,

আসসালামু আলাইকুম এবং ইংরেজি নববর্ষের শুভেচ্ছা। আগামী ১লা জানুয়ারি ২০২৬ থেকে যথারীতি একাদশ শ্রেণির (২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের) শ্রেণি কার্যক্রম শুরু হবে। ৪ জানুয়ারি ২০২৬ থেকে দ্বাদশ শ্রেণির (২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের) নির্বাচনী পরীক্ষা শুরু হবে। প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শৃঙ্খলা এবং অ্যাকাডেমিক মান উন্নয়নের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণের ক্ষেত্রে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

১. প্রতিষ্ঠানে আগমন : ৭:৫০ ঘটিকায় (শীতকালীন সময়সূচী)
প্রতিষ্ঠানে ছুটি : ২:০০ ঘটিকা।

২. প্রতিষ্ঠানে মোবাইল ফোন আনা সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

৩. প্রতিদিন শিক্ষার্থীরা ৭ পিরিয়ড ক্লাসে অংশগ্রহণ করছে কিনা তা অভিভাবকদের নিয়মিতভাবে তদারকি করার অনুরোধ জানানো যাচ্ছে এবং প্রয়োজনে শ্রেণি শিক্ষকের সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে।

৪. লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু অত্যন্ত সংবেদনশীল ও অতি ক্ষুদ্র বিষয় নিয়ে ব্যক্তিগত আবেগের বশবর্তী হয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে মন্তব্য/পোস্ট প্রদান করা হচ্ছে, যা অনেক ক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত ঘটনা সৃষ্টি করছে এবং মারামারিতে লিপ্ত হওয়ার মতো অনভিপ্রেত পরিস্থিতির জন্ম দিচ্ছে। এমন ঘটনায় প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী যথাসম্ভব কঠোর ব্যবস্থা গৃহীত হবে।

৫. এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার পেছনে সাধারণত কিশোর বয়সের আবেগ, আত্মকেন্দ্রিকতা (Ego) এবং পারস্পরিক প্রতিক্রিয়ার প্রভাব কাজ করছে বলে প্রতীয়মান হয়। এ ব্যাপারে অভিভাবকদের সতর্ক এবং আন্তরিক যত্নের প্রয়োজন।

৬. শিক্ষার্থীদের ভালো রেজাল্ট নিশ্চিত করতে নিয়মিত ক্লাসে উপস্থিতি নিশ্চিত করা এবং শ্রেণি শিক্ষক ও মেন্টর শিক্ষকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

৭. একজন শিক্ষার্থীর একাডেমিক মান উন্নয়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানের পাশাপাশি অভিভাবকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ জন্য শিক্ষার্থীদের ওপর অভিভাবকদের নিয়মিত ও সচেতন নজরদারি একান্ত প্রয়োজন।

**মোঃ ইকবাল হোসেন**
কর্নেল
অধ্যক্ষ
৩১ ডিসেম্বর ২০২৫

**কার্যব্যবস্থা:**
১। সকল শিক্ষক (কলেজ শাখা)
২। অফিস কপি

**অবগতি:**
১। অধ্যক্ষ মহোদয়ের কার্যালয়